

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৬৫]

كتاب الأمور المنهي عنها) निषिक्ष विषयानि (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৪৬ : সওমে বিসাল, অর্থাৎ একাদিক্রমে দুই বা ততোধিক দিন ধরে বিনা পানাহারে রোযা রাখা হারাম

(346) بَابُ تَحْرِيْمِ الْوِصَالِ فِي الصَّوْمِ وَهُوَ أَنْ يَّصُوْمَ يَوْمَيْنِ أَوْ أَكْثَرَ، وَلَا يَأْكُلَ وَلَا يَشْرَبَ بَيْنَهُمَا

### আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: نَهَى رَسُول اللهِ صلى الله عليه وسلم عَنِ الوصَالِ . قَالُوا : إِنَّكَ تُوَاصِلُ ؟ قَالَ: «إِنِّي لَسْتُ مِثْلَكُمْ، إِنِّي أُطْعَمُ وَأُسْقَى» . متفق عَلَيْهِ . وهذا لفظ البخاري

#### বাংলা

২/১৭৭৪। ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওমে বিছাল রাখতে নিষেধ করলেন। লোকেরা নিবেদন করল, 'আপনি তো সওমে বিছাল রাখেন? তিনি বললেন, "[এ বিষয়ে] আমি তোমাদের মত নই। আমাকে [আল্লাহর তরফ থেকে] পানাহার করানো হয়।" (বুখারী ও মুসলিম) [1]

\* [অর্থাৎ এ ব্যাপারে আমি তোমাদের মত নই। এতে যে কষ্ট তোমরা পাবে, আমি পাব না। কারণ মহান আল্লাহ আমাকে পানাহার করান। সুতরাং এ রোযা আল্লাহর রসুলের জন্য নির্দিষ্ট, অন্যের জন্য তা বৈধ নয়।

### **English**

(346) Chapter: Prohibition of Extending Fast beyond one Day

Ibn 'Umar (May Allah be pleased with them) said:

The Messenger of Allah () prohibited observing continuous fasts beyond one day. The Companions submitted: "But you do it." He replied, "I am not like you. I am given to eat and to drink (from Allah)."

[Al-Bukhari and Muslim].

## ফুটনোট



[1] সহীহুল বুখারী ১৯২২, ১৯৬২, মুসলিম ১১০২, আবূ দাউদ ২৩৬০, আহমাদ ৪৭০৭, ৪৭৩৮, ৫৭৬১, ৫৮৮১, ৬০৯০, ৬২৬৩, ৬৩৭৭, মুওয়াত্তা মালিক ৬৭৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন